নৌকার মাঝি হতে গিয়ে বিশ্ববিদ্যালয়ের ৩ শিক্ষার্থী নিহত

দিনাজপুরের প্রাকৃতিক সৌন্দর্য দেখতে গিয়ে আশুরার বিলে নিজেরা নৌকা চালানোর সময় নৌকাডুবিতে দুই বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীসহ ৩ জনের মৃত্যু হয়েছে।

এই ঘটনায় আহত হয়েছেন আরও ২ শিক্ষার্থী। তাদেরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার বিকাল ৪টার দিকে এই দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন- দিনাজপুর সরকারী মহিলা কলেজের প্রথম বর্ষের ছাত্রী ফারিয়া আক্তার মৌমি, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (হাবিপ্রবি) সিভিল ইঞ্জিনিয়ারিং অনুষদের ছাত্র হাসনাত দীপ্ত এবং একই বিশ্ববিদ্যালয়ের ফিসারিজ অনুষদের ছাত্র রাফিদ ইসলাম।

তাদের প্রত্যেকেরই বয়স ২১ থেকে ২৫ বছরের মধ্যে বলে জানা গেছে। এদের তিনজনেরই বাড়ী দিনাজপুর সদর উপজেলায়।

পুলিশ ও প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, হাবিপ্রবির ৪ ছাত্র ও দিনাজপুর সরকারী মহিলা কলেজের একজন ছাত্রীসহ ৫ জন মিলে দিনাজপুর জেলার নবাবগঞ্জ উপজেলার জাতীয় উদ্যানে ঘুরতে যায়। তারা শালবন, কাঠের তৈরি ব্রিজসহ নানান স্থাপনা ঘুরে দেখার পর বিকালে বিল দেখার উদ্দেশে নৌকায় উঠেন।

জাতীয় উদ্যান রক্ষা উন্নয়ন কমিটির সভাপতি মো. মাহাবুর রহমান জানান, বিকেল ৪টার দিকে তারা মাঝি ছাড়া নিজেরাই নৌকা নিয়ে বিলে ঘুরতে যান। এক সময় বিলের পানিতে নৌকাটি ডুবে গেলে সাঁতার না জানায় সবাই তলিয়ে যায়।

এ সময় স্থানীয়রা তাদেরকে উদ্ধার করে নবাবগঞ্জ উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে দায়িত্বরত চিকিৎসক তাদের মধ্যে ৩ জনকে মৃত ঘোষণা করে। বাকী ২ জনের চিকিৎসা চলছে।

স্থানীয়রা জানিয়েছে, ওই নৌকাটি মাঝখানে ডুবে যাওয়ায় তাদেরকে উদ্ধারের জন্য ঘটনাস্থলে যেতে বেশ কিছু সময় অতিবাহিত হয়েছে।

তাছাড়া শিক্ষার্থীরা কেউই সাতার জানাত না বলে জানিয়েছে তারা।

নবাবগঞ্জ থানার পরিদর্শক (ওসি) সুব্রত কুমার সরকার বিষয়টি নিশ্চিত করেছেন।